



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রেস রিলিজ

তারিখ: ১৭.০৫.২০২৩

### পাবিপ্রবিতে শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ বুধবার কম্পিউটার সায়েন্স অ্যাড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের শিক্ষকদের জন্য ‘আউটকাম বেজড এডুকেশন কারিকুলাম ডেভেলপমেন্ট’ বিষয়ে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালাটি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন।

কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রঃয়েট)-এর কম্পিউটার সায়েন্স অ্যাড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আল-মাঝুন।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. শেখ রাসেল আল-আহমেদ এবং সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম।

ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে সিএসই বিভাগের সকল শিক্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সকাল ১০টায় শুরু হয়ে বিকাল ৪টায় কর্মশালা শেষ হয়।

কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়। সঞ্চালনা করেন আইকিউএসি'র প্রশাসনিক কর্মকর্তা সানজিদা শারমিন।

(মো.বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়